

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩

জেলা কমান্ড, সিরাজগঞ্জ

(সাধারণ শাখা)

www.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৭.১৫.০৩১.২৩-১৮৯

তারিখ : ১৬-০৩-২০২৩খ্রি.

### গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি গনপতি রায়, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে :

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ (বুধবার)
৩.	দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনি তফসিল :

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	মনোনয়নপত্র বিক্রি (চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর থেকে ০৫-০৪-২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত)	: ০২-০৪-২০২৩ (রবিবার) থেকে ০৫-০৪-২০২৩(বুধবার) দুপুর ১২.০০ টা পর্যন্ত)
২.	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত)	: ০৫-০৪-২০২৩ (বুধবার)
৩.	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ (রবিবার)
৪.	প্রার্থীতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত)	: ১১-০৪-২০২৩ (মঙ্গলবার)
৫.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
৬.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ (রবিবার)
৭.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ (সোমবার)
৮.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
৯.	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ (শনিবার)


ভোট গ্রহণ সময়সীমা : বিরতিহীনভাবে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে।

০২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

০৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ : ১৬-০৩-২০২৩

নির্বাচনি এলাকার নাম : সিরাজগঞ্জ জেলা।

  
(গনপতি রায়)

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)

ও

রিটার্নিং অফিসার, জেলা কমান্ড

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩